

## জাত পরিচিতি

ব্রি ধান৭১ এর কৌলিক সারি IR82589-B-B-84-3। উক্ত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট, ফিলিপাইনে IR55423-01 (NSIC RC 9) এবং IRR148 এর সাথে সংকরায়ন করে বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত। বিগত ২০১২ সালে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উক্ত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট হতে Introduction করা হয় এবং কৃষকের অংশগ্রহণে জাত নির্বাচনের মাধ্যমে কৌলিক সারিটি নির্বাচন করা হয়। পরবর্তীতে ২০১৩ সালে রোপা আমন মৌসুমে বাংলাদেশের বিভিন্ন খরাপ্রবণ এলাকায় কৃষকের মাঠে এর আঞ্চলিক উপযোগিতা যাচাই করা হয়। আঞ্চলিক উপযোগিতায় সন্তোষজনক ফলাফল পাওয়ার পর ২০১৪ সালে দেশের বিভিন্ন খরাপ্রবণ এলাকায় জাতীয় বীজ বোর্ড কর্তৃক মূল্যায়ন করা হয় এবং ফলন পরীক্ষায় সন্তোষজনক হওয়ায় রোপা আমন মৌসুমে জাত হিসাবে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। আমন মৌসুমে জাতটি চাষাবাদ পদ্ধতি নিম্নে দেয়া হলো।



ব্রি ধান৭১

## জাতের বৈশিষ্ট্য

- অধিক ফলনশীল।
- ডিগ পাতা খাড়া ও লম্বা এবং পাতার রং গাঢ় সবুজ।
- পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১০৭-১০৮ সেঃ মিঃ।
- ধানের দানার রং খড়ু এর মত এবং মাঝারী মোটা।
- ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৪ গ্রাম।
- চালে এমাইলোজের পরিমাণ ২৪.০%।
- চালের আকার আকৃতি মাঝারী লম্বা ও মোটা এবং রং সাদা।

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৭১ এর জীবনকাল ব্রি ধান৫৬ এর চেয়ে ৩-৫ দিন বেশী। ব্রি ধান৭১ একটি খরা সহনশীল জাত। প্রজনন পর্যায়ে সর্বোচ্চ ২১-২৮ দিন বৃষ্টি না হলেও ফলনের তেমন কোন ক্ষতি হয় না। সে সময় Perch water table depth ভূপৃষ্ঠ (surface) থেকে ৭০-৮০ সেঃ মিঃ নিচে থাকলে এবং মাটির আর্দ্রতা ২০% এর নিচে হলেও এ জাতটি হেক্টরে ৩.৫ টনেরও বেশী ফলন দিতে সক্ষম। মধ্যম মাত্রার খরা হলে হেক্টরে ৪.০ টন এবং খরা না হলে ৫.০ টন ফলন দিতে পারে। খরাপ্রবণ বৃষ্টিনির্ভর এলাকায় এ ধান আবাদ করার পর মসুর, ছোলা, বার্লি, তিসি আবাদের সুযোগ তৈরী হবে।

## জীবন কাল

এ জাতের গড় জীবন কাল ১১৪-১১৭ দিন।

## ফলন

প্রজনন পর্যায়ে ২১-২৮ দিন বৃষ্টির অভাবে খরা হলে হেক্টরে ৩.০-৩.৫ টন ফলন পাওয়া যায়। তবে উপযুক্ত পরিচর্যা পেলে এবং খরা না পেলে ব্রি ধান৭১ এর ফলন হেক্টরে ৫.০ টন থেকে ৬.০ টন পর্যন্ত পাওয়া যায়।

## চাষাবাদ পদ্ধতি

## চাষাবাদ পদ্ধতি

এ জাতটি বৃষ্টি নির্ভর রোপা আমন মৌসুমে চাষাবাদ উপযোগী। এ ধানের চাষাবাদ অন্যান্য উফশী রোপা আমন ধানের মতই।

১. বীজ তলায় বীজ বপন: বীজ বপনের উপযুক্ত সময় ২১ আষাঢ় - ৩১ আষাঢ় (৫ জুলাই - ১৫ জুলাই)।

২. চারার বয়স: ২০-২৫ দিন।

৩. চারার সংখ্যা: প্রতি গুচ্ছিতে ২/৩ টি।

৪. রোপন দূরত্ব: ২০ সে.মি. × ১৫ সে.মি.।

৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)

৫.১ ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিংক সালফেট
২৪	১১.৬	১৫	১০	১.৩

৫.২ সর্বশেষ জমি চাষের সময় এক তৃতীয়াংশ ইউরিয়া সার, সবটুকু টিএসপি, অর্ধেক এমপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করা উচিত। ইউরিয়া সার সমান দুই কিস্তিতে যথা রোপনের ১০-১৫ দিন পর ১ম কিস্তি এবং জমির উর্বরতা দেখে ৩০-৩৫ দিন পর ২য় কিস্তি প্রয়োগ করতে হবে।

৬. আগাছা দমন: রোপনের পর অন্তত ৩৫-৪০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৭. সেচ ব্যবস্থাপনা: খোড় অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রস বা পানি রাখতে হবে।

৮. রোগ বালাই দমন: ব্রি ধান৭১ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণে সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা ব্যবহার করা উচিত।

৯. ফসল পাকা ও কাটা: ০১-১৫ নভেম্বর ধান কাটার উপযুক্ত সময়।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brii.gov.bd